

মাদ্রাসা শিক্ষার্থীও সরকারি বৃত্তি পেতে যাচ্ছে

আলিমুল পারভেজ

মাদ্রাসার শিক্ষার্থীরাও সরকারি বৃত্তি পাবে। মাদ্রাসার পঞ্চম শ্রেণী বা ইকোডেমায় শিক্ষা সমাপনী পরীক্ষার্থীদের বৃত্তি দেওয়ার নিয়ম নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। কুল ও মাদ্রাসার অষ্টম শ্রেণী আর মাদ্রাসার পঞ্চম শ্রেণীর ভরে এবার প্রায় ৪১ হাজার শিক্ষার্থীকে মেধাবৃত্তি দেওয়া হচ্ছে।

এবার অষ্টম শ্রেণীর জুনিয়র কুল সার্টিফিকেট (জেএসসি) এবং মাদ্রাসার জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বৃত্তি নীতিমালায়ও আংশিক পরিবর্তন আসছে। এর ফলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নির্বাচন ক্রমানুসারে ▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

মাদ্রাসা শিক্ষার্থীও সরকারি বৃত্তি পেতে যাচ্ছে

▶▶ শেষ পৃষ্ঠার পর

স্বচ্ছতা ও স্পষ্টতা পাবে। পর্যায়ক্রমে এসব তথ্য জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সাধারণিক) এ এস মাহমুদ জানান, মাদ্রাসার শিক্ষার্থীদের বৃত্তি দেওয়ার ব্যাপারে প্রাথমিক শিক্ষা দেওয়া হয়েছে। আগামী সম্বন্ধে বিষয়টি চূড়ান্ত করা হবে। ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তাছদ্দিনা বেগম জানান, সাধারণিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (জিএসসি) আগের নীতিমালার একটি ধারা সংশোধন করে খসড়া তৈরি করেছে। প্রথমতঃ অনুষ্ঠানিক ফর্মের ভিত্তিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা করা হয়েছে। তিনি জানান, এবার ট্যালেটপুল বৃত্তিপ্রাপ্তরা মাসে ৩০০ টাকা এবং বছরে এককালীন ৩৭৫ টাকা আর সাধারণ বৃত্তির ক্ষেত্রে মাসে ২০০ টাকা এবং বছরে এককালীন ২২৫ টাকা করে পাবে। তবে বৃত্তির মেয়াদ থাকবে দুই বছর।

শিক্ষা মন্ত্রণালয় ও মডিউল সূত্র জানায়, এবার জেএসসি ও জেডিসির বৃত্তি প্রদানের নীতিমালার ৩ নম্বর ধারায় সংশোধনী আনা হয়েছে। এই সংশোধনী অনুসারে পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ভিত্তিতে বৃত্তি দেওয়া হবে। জিপিএ প্রক্রিয়ায় একাধিক শিক্ষার্থী একই স্কেলে চতুর্থ বিষয় ছাড়া প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রমে প্ররুত করা হবে। আবার চতুর্থ বিষয় ছাড়া প্রাপ্ত মোট নম্বর একই হলে চতুর্থ বিষয়সহ প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে

মেধাক্রমে প্ররুত করা হবে। এর পরও চতুর্থ বিষয়সহ প্রাপ্ত মোট নম্বরে শিক্ষার্থীর সংখ্যা একাধিক হলে বাংলা, ইংরেজি ও সাধারণ গণিতে প্রাপ্ত মোট নম্বরধারীদের মেধাক্রমে নির্ধারণ করা হবে। যদিও আগে জিপিএ এবং বাংলা, ইংরেজি ও সাধারণ গণিতের ভিত্তিতে মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি দেওয়া হয়েছে।

এ ছাড়া এবার 'মেধাবৃত্তি' (ট্যালেটপুল) এবং সাধারণ বৃত্তির জন্য ন্যূনতম যোগ্যতা ও স্কেল অর্থাৎ জিপিএ-৩ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। আগে শিক্ষার্থীদের মেধাবৃত্তি জন্য জিপিএ-৩ এবং সাধারণ বৃত্তি পেতে ন্যূনতম জিপিএ-২ যোগ্যতা অর্জন করতে হতো।

ইকোডেমায় ভরে বর্তমানে মাদ্রাসা বোর্ডের প্রথম চেয়ারম্যান বাকি বিলম্বের নহে উপজন্মায় তিনিই হবে বৃত্তি দেওয়া হচ্ছে। এবারই প্রথমবারের মতো তিন সহস্রাধিক শিক্ষার্থীকে বৃত্তি দেওয়ার চিন্তাভাবনা চলেছে। সেই হিসাবে প্রতি উপজেলায় ইকোডেমায় বৃত্তির সংখ্যা ছিটপ হতে। তবে এই সংখ্যা আরো বৃদ্ধির চিন্তাভাবনা চলেছে বলেও মন্ত্রণালয়ের উর্কতন সূত্র জানায়।

গত বছরের নাত্তরে অনুষ্ঠিত জেএসসি পরীক্ষায় ঢাকা, কুমিল্লা, পিলেট, রাঙ্গাবাদী, দিনাজপুর, বরিশাল, চট্টগ্রাম ও যশোর শিক্ষা বোর্ড থেকে উর্কীর্ণ শিক্ষার্থীর ভিত্তিতে বৃত্তিপ্রাপ্তদের তালিকা তৈরি করা হয়েছে বলে মডিউল সূত্র জানায়।